

শ্রীশ্রীহরি সঙ্গীত

৫৫

- আমার বাতাস লাগলে পরে, পাবি না আর কুল কিনারা ॥
- ১। আইন জেনে আইন লঞ্জি লোককে দেখাই সাধুর ভঙ্গি।
কেউ হইওনা আমার সঙ্গী, জানে প্রাণে যাবি মারা ॥
 - ২। পিতা মাতার পুণ্যের জোরে গিয়ে ছিলাম প্রেম বাজারে।
কর্মোদোষে এলেম ফিরে, চিনলেম না সেই প্রেমের ধারা ॥
 - ৩। স্বার্থলোভে তত্ত্ব হারাই সদাই করি অর্থের বড়াই।
যড়রিপুর স্ফুর্তি বাড়াই ঐ দুঃখেতে হলেম সারা ॥
 - ৪। কি দোষ দিব বিধাতারে, সবই স্বকর্মে করে।
ঝি টি শিখায় বৌটি মেরে জানতে পারে ভাবুক যারা ॥
 - ৫। গুরুচাঁদের মধুর বাণী কর্মগুণে হয় রাজরাণী।
কর্মগুণে হয় বারাণী সাক্ষী তার অশ্বিনী ফেরা ॥

৭৪ নং তাল-একতালা

কত গুণের হরি আমার, গুণের বলিহারী।
হরি বিনে রাত্রি দিনে বুরিয়া বুরিয়া মরি ॥

- ১। সত্ত্ব রজঃ, তমঃ গুণ, দিবানিশি গায় গুণ।
গুণেতে হ'য়ে নিপুন বৈষ্ণবী শঙ্করী ॥
- ২। যাঁর গুণে সেই দিনমণি অন্ধকার হরেন তিনি।
সুশীতল চন্দ্র যিনি, গঙ্গা পেল শীতল বারি ॥
- ৩। যার গুণেতে জগত বন্দী অনাদি পেলেনা সন্দি।
বিধানে না পেয়ে বিধি, হলেন ব্রহ্মচারী ॥
- ৪। যাঁর গুণেতে সেই সমীরণ ব্যপিত এ ত্রিভবন।
তেজঃপুঞ্জ ছতাশন দহিকা শক্তি যাঁহারী ॥
- ৫। যার গুণে সেই মহানন্দ, বিতরিল প্রেমানন্দ।
অশ্বিনী তোর যায় না সন্দ, বিষয় বিষ পান করি ॥